



পরিসংখ্যান বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং- ০২

তারিখঃ ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ।

প্রিয় মহোদয়,

NBDC বিবরণী দাখিলের সময়সীমা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং-০১/২০০৬ তারিখঃ ০৫ জুলাই, ২০০৬ এবং সূত্রঃ ডিএস,এনবিডিসিএস-১(৩)/২০১৫, তারিখঃ ১৫ সেপ্টেম্বর ২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বর্ণিত সার্কুলার অনুযায়ী আমানত গ্রহনকারী নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট মাসের সেক্টরভিত্তিক দায় ও সম্পদের তথ্য NBDC বিবরণীর মাধ্যমে পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে অত্র বিভাগে নিয়মিতভাবে দাখিল করে আসছে। NBDC বিবরণী ও ব্যাংকসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বাংলাদেশের আর্থিক জরিপ প্রস্তুত করা হয়, যা দেশের মুদ্রানীতি প্রণয়নসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রেরণে ব্যবহৃত হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে আর্থিক জরিপের কাজটি দ্রুততর করার লক্ষ্যে উক্ত বিবরণী দাখিলের সময়সীমা ২০ তারিখের পরিবর্তে ১৫ তারিখ পুনঃনির্ধারণ করা হয়েছে। এমতাবস্থায় নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে NBDC বিবরণী নির্ধারিত সময়ে নিয়মিতভাবে দাখিলের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত নির্দেশনাগুলো জারি করা হলোঃ

- ১) মে, ২০২৩ মাস হতে পরবর্তী মাসগুলোর NBDC বিবরণী পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বিদ্যমান Rationalized Input Template (RIT) এর মাধ্যমে অত্র বিভাগে দাখিল করতে হবে।
- ২) আর্থিক প্রতিষ্ঠান সমূহের সঠিক ও নির্ভুল বিবরণী দাখিলের সুবিধার্থে অত্র বিভাগ হতে প্রকাশিত 'Guidelines to Fill in the NBFI Returns-1, 2 & 3' শীর্ষক গাইডলাইনটি অনুসরণ করতে হবে।
- ৩) আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ধারা ৪১(২) অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে ও নির্ভুল রিপোর্টিং বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সর্বদা সতর্ক থাকবেন এবং প্রয়োজনে অত্র বিভাগে সরাসরি যোগাযোগ করবেন।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (পরিসংখ্যান)
ফোনঃ ৯৫৩০৭২০